



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-১৯৯

## আগামীকাল বিশ্ব বেতার দিবস

রাজশাহী; ২৯ মাঘ (১২ ফেব্রুয়ারি):

আগামীকাল (১৩ই ফেব্রুয়ারি) বিশ্ব বেতার দিবস। রাজশাহীতে দিবসটি উদযাপনে বাংলাদেশ বেতারের রাজশাহী কেন্দ্র নানা কর্মসূচি হাতে নিয়েছে।

'Radio and Climate Change- বেতার ও জলবায়ু পরিবর্তন' বিষয়কে উপজীব্য করে বাংলাদেশ বেতার রাজশাহী কেন্দ্র বর্ণাঢ্য র্যালি, আলোচনা সভা এবং মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করবে।

সকাল নয়টায় বেতার কেন্দ্র থেকে র্যালি বের হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে পুনরায় বেতার কেন্দ্রে এসে শেষ হবে। সেখানে সোয়া নয়টায় দিবসের প্রতিপাদ্য নিয়ে অনুষ্ঠিত হবে আলোচনা সভা। বেতারের রাজশাহী কেন্দ্রের আঞ্চলিক পরিচালক কিশোর রঞ্জন মল্লিকের সভাপতিত্বে আলোচনা সভায় রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সালেহ হাসান নকীব প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। সভায় বিশেষ অতিথি থাকবেন রাজশাহী মেডিকেল কলেজের অধ্যক্ষ অধ্যাপক ডা. খন্দকার মো. ফয়সল আলম।

আলোচনা সভা শেষে একই স্থানে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হবে।

.....  
তৌহিদ/আতিক/স্মিতা/আলীম/২০২৫/১৪:৫০ঘ.